# Times Today BD

মো. নাঈম | বরিশাল | 12 April, 2025

ঝালকাঠির নলছিটি উপজেলায় এক পুলিশ সদস্যের বাড়িতে ভয়াবহ ডাকাতি ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। দুর্বৃত্তরা বসতঘরের টাকা-পয়সা ও স্বর্ণালংকার লুট করে গভীর রাতে ঘরে আগুন লাগিয়ে দেয়।এতে ঘরের ভেতরে থাকা সব মূল্যবান মালামাল পুড়ে ছাই হয়ে গেছে।

শুক্রবার (১১ এপ্রিল) দিবাগত রাত ১টার দিকে উপজেলার মগড় ইউনিয়নের ডুবিল গ্রামে এই ঘটনা ঘটে।ভুক্তভোগী পুলিশ সদস্য মাহাদী হাসান খান ঢাকা মেট্রোপলিটন পুলিশে কর্মরত।তার বাবা মোফাজ্জেল আলী খান একজন অবসরপ্রাপ্ত বিজিবি সদস্য ও বীর মুক্তিযোদ্ধা।

মোফাজ্জেল আলী খান জানান, "গতকাল শুক্রবার আমরা সবাই মেয়ের বাড়িতে ছিলাম। বাড়িতে কেউ না থাকায় দুর্বৃত্তরা পিছনের দরজা ভেঙে ঘরে ঢোকে।তারা নগদ টাকা ও স্বর্ণালংকার লুট করে নিয়ে যায়।এরপর ঘরে আগুন ধরিয়ে দেয়।আগুনে আমার ঘরের সবকিছু পুড়ে গেছে।'

স্থানীয়রা জানান, ওই রাতে এলাকায় একটি মাহফিল চলছিল। বাড়িটি ফাঁকা থাকার সুযোগেই ডাকাতির ঘটনা ঘটে। আগুন লাগানোর পর স্থানীয়রা ফায়ার সার্ভিসে খবর দিলে তারা এসে আগুন নিয়ন্ত্রণে আনে।কিন্তু ততক্ষণে ঘরের সবকিছু পুড়ে ছাই হয়ে যায়।

নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুস সালাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, "ঘটনার খবর পেয়ে আমরা তাৎক্ষণিকভাবে ঘটনাস্থল পরিদর্শন করেছি।অভিযোগ পেলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।'

এ ঘটনায় এলাকায় আতঙ্ক ও ক্ষোভের সৃষ্টি হয়েছে।স্থানীয়দের দাবি, দ্রুত দুর্বৃত্তদের গ্রেপ্তার করে শাস্তির আওতায় আনা হোক।

পুলিশ ডাকাতি অগ্নিসংযোগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:29

URL: https://www.timestodaybd.com/public/barishal/675775807